



স্মারক নং-২৭.১২.৯০৮৯.৫৬২.০৭.০২২.২২. ৬০৭

তারিখঃ- ৩০ মাঘ' ১৪২৮ বঙ্গাব্দ
১৩ ফেব্রুয়ারী ২০২২ খ্রিস্টাব্দ

“বিজ্ঞপ্তি/নোটিশ”

বিষয়ঃ- রক্ষনাবেক্ষণ ওয়ার্কের আওতায় বৈদ্যুতিক বিতরণ লাইন রক্ষনাবেক্ষণ/নির্মাণ সংক্রান্ত কাজের জন্য দরপত্র বিজ্ঞপ্তি প্রদান।

অত্র সমিতির তালিকাভুক্ত পূর্বযোগ্যতা প্রাপ্ত মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে শতভাগ বৈদ্যুতিক বিতরণ লাইন রক্ষনাবেক্ষণ সংক্রান্ত কার্য সম্পাদন করার জন্য বিওকিউ অনুযায়ী নিম্ন বর্ণিত ছক মোতাবেক কার্য সম্পাদন করার নিমিত্তে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহর কৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্রের বিবরণঃ- রক্ষনাবেক্ষণ ওয়ার্ক (১০০-৪১) এর আওতায় বৈদ্যুতিক বিতরণ লাইন রক্ষনাবেক্ষণ/নির্মাণ সংক্রান্ত কাজ।

প্যাকেজ নং	সাব প্যাকেজ নং	কাজের বিবরণ	প্রকল্প খাত	আর্নেস্টমানির পরিমাণ (টাকা)	কার্যাদেশের মূল সময়সীমা	প্রাক্কলিত ব্যয় প্রায়(টাকা)	বিড প্যাকেজের মূল্য (টাকা)
W-21-22.62.19	W-21-22.62.19.001	১০০-৪১ এর আওতায় বৈদ্যুতিক বিতরণ লাইন রক্ষনাবেক্ষণ/নির্মাণ সংক্রান্ত কাজ।	ওএন্ডএম	৩০,০০০.০০	৬০ দিন	১০,০০০০০.০০	৫০০.০০
	W-21-22.62.19.002			৩০,০০০.০০	৬০ দিন	১০,০০০০০.০০	৫০০.০০
	W-21-22.62.19.003			৩০,০০০.০০	৬০ দিন	১০,০০০০০.০০	৫০০.০০
	W-21-22.62.19.004			৩০,০০০.০০	৬০ দিন	১০,০০০০০.০০	৫০০.০০
	W-21-22.62.19.005			৩০,০০০.০০	৬০ দিন	১০,০০০০০.০০	৫০০.০০

০১৥ দরপত্র দলিল সমূহ ১৪/০২/২০২২ খ্রিঃ হতে আগামী ২৭/০২/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদন পূর্বক অত্র সমিতির অনুকূলে প্রতিটি বিড প্যাকেজের ওয়ারী ৫০০.০০ (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) অত্র সমিতির ক্যাশ শাখায় নগদ জমা দান সাপেক্ষে ক্রয় করা যাবে।

০২৥ পবিস নির্দেশিকা-১০০-৪১ অনুযায়ী প্রতিটি দরপত্র প্রাক্কলিত মূল্যের সর্বোচ্চ ৫% নিম্নদরে অথবা প্রাক্কলিত মূল্যের সমদরে দাখিল করা যাবে। দরপত্র দাখিলের সময় খামের উপর বিড নাম্বার উল্লেখ করিতে হইবে।

০৩৥ প্রতিটি দরপত্র দাখিলের সময়ে ক্রমিক নং-০২ মোতাবেক আর্নেস্টমানি সুনামগঞ্জ পবিস এর অনুকূলে বাংলাদেশের যেকোন তফসিল ব্যাংক (বাপবিবো) কর্তৃক কালো তালিকাভুক্ত ব্যাংক ব্যাণীত) হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে (ফেরতযোগ্য) জমা দিতে হবে। কোন অবস্থাতেই প্রয়োজনীয় আর্নেস্টমানি ছাড়া দরপত্র বৈধ বলে গ্রহনযোগ্য হবে না।

০৪৥ দরপত্র সমূহ আগামী ২৮/০২/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত অত্র পবিস এর রক্ষিত টেন্ডার বাঞ্চে গ্রহন করা হবে এবং একই দিন বেলা ১২:৩০ ঘটিকার সময় উপস্থিত দরদাতা গনের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক অত্র দপ্তরে দরপত্র সমূহ খোলা হবে।

০৫৥ উক্ত দর সরকারী বিধান মোতাবেক প্রদেয় মূল্য সংযোজন কর সহ উক্ত বলে বিবেচিত হবে। পৃথক ভাবে মূল্য সংযোজন কর উল্লেখ করা কোন দরপত্র গ্রহন করা হবে না।

০৬৥ প্রতিটি দরপত্রের বিপরীতে দক্ষ লোকবল, প্রয়োজনীয় টুলস/ যন্ত্রপাতির তালিকা প্রদান করতে হবে। দরপত্রে অংশ গ্রহনকারী প্রতিষ্ঠানের অবশ্যই পর্যাপ্ত সংখ্যক বাপবিবোর্ডের প্রশিক্ষন প্রাপ্ত সুপারভাইজার ও লাইনম্যান সহ প্রয়োজনীয় লোকবল থাকতে হবে।

(Handwritten signature)



সুনাংগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
ওয়েজখালী, সুনাংগঞ্জ।

Tel: 0871-62931/62930, Mob: 01769-400075, E-Mail : sunampbs@gmail.com



- ০৭॥ সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানের সংখ্যা একাধিক হলে অত্র পবিস এর দরপত্র মূল্যায়ন কমিটি দরদাতা প্রতিষ্ঠানের প্রতিনিধিদের উপস্থিতিতে লটারী করে ১ম, ২য় ও ৩য় সর্বনিম্ন দরদাতা নির্ধারণ করা হবে।
- ০৮॥ যে সকল দরদাতা প্রতিষ্ঠান কার্যাদেশ প্রাপ্তির জন্য বিবেচিত হবেন তাদেরকে পর্যায়ক্রমে কার্যাদেশ ইস্যু করা হবে।
- ০৯॥ সন্তোষজনক ভাবে কার্য সম্পাদনের পর প্রয়োজনীয় সকল দলিলাদি সহ বিল দাখিল করতে হবে এবং পবিস কর্তৃক প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষার পর একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ১০॥ ডাক যোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে দরপত্র প্রেরণ করা যাবে না। তবে নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত দরপত্র সমূহ না খুলে ফেরৎ প্রদান করা হবে।
- ১১॥ শুধুমাত্র অত্র পবিসের স্থায়ী/সাময়িক তালিকাভুক্ত মিনি ঠিকাদারগণ দরপত্রে অংশ গ্রহণ করতে পারবেন।
- ১২॥ বর্ণিত কার্যাদেশ সমূহের মালামাল ওএন্ডএম স্টোর হতে সরাসরি ইস্যু করা হবে।
- ১৩॥ একটি ঠিকাদারী প্রতিষ্ঠানের কার্যাদেশের ক্লোজ আউট সম্পন্ন না হওয়া পর্যন্ত আরেকটি দরপত্রে অংশগ্রহণ করিতে পারবেন না।
- ১৪॥ অত্র সমিতি কোন কারন ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার অধিকার সংরক্ষণ করেন।


(সুজিত কুমার বিশ্বাস)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ(সদয় অবগতির জন্য)

০১. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট জোন, বাপবিবো, সিলেট।
০২. নির্বাহী প্রকৌশলী(এসওডি), বাপবিবো, সুনাংগঞ্জ।
০৩. ডিজিএম(সদর দপ্তর-কারিগরী/ ছাতক), সুনাংগঞ্জ পবিস।
০৪. এজিএম(অর্থ/ওএন্ডএম/সদস্য-সেবা/প্রশাসন), সুনাংগঞ্জ পবিস।
০৫. এজিএম (আইটি), সুনাংগঞ্জ পবিস। → ওয়েবসাইটে প্রকাশের জন্য।
০৬. সকল মিনি ঠিকাদারী প্রতিষ্ঠান, সুনাংগঞ্জ পবিস।
০৭. নোটিশ বোর্ড, সুনাংগঞ্জ পবিস।
০৮. অফিস/ মাস্টার কপি।


(সুজিত কুমার বিশ্বাস)
জেনারেল ম্যানেজার